

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বরুড়া, কুমিল্লা।

স্মারক নং : ৩২.০১.১৯০৯.০০০.১৩.০১৩.১৭- ১১৬২

তারিখঃ ০৭ অক্টোবর, ২০২৫ খ্রি:।

বিষয় : মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “অদম্য নারী পুরস্কার”-২০২৫-২০২৬ অর্থ বছরের অদম্য নারী
নির্বাচনের জন্য নামের প্রস্তাবনা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৩২.০১.০০০০.০০৫.২৩.০০১.১৫-৩৬৫ তারিখ : ১৮/০৯/২০২৫ খ্রি:

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২৫ শে নভেম্বর ২০২৫ হতে ১০ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত
“আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ” এবং ০৯ ডিসেম্বর ২০২৫ “বেগম রোকেয়া দিবস” প্রতি বছরের ন্যায় যথাযোগ্য
মর্যাদায় পালনের নিমিত্ত মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “অদম্য নারী পুরস্কার” শীর্ষক কর্মসূচির আওতায়
সমাজের তৃণমূল পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে সফল নারীদের যথাযথ সম্মান ও স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে ২০২৫-২০২৬ অর্থ বছরের
অদম্য নারী নির্বাচনের জন্য আপনার ইউনিয়নের সফল নারীদের নামের প্রস্তাবনা নির্ধারিত আবেদন ফরমে আগামী-
১০/১১/২০২৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।


অদম্য নারী নির্বাচনের ক্যাটাগরী সমূহঃ

- * ক্যাটাগরী ০১- অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী।
- * ক্যাটাগরী ০২- শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী।
- * ক্যাটাগরী ০৩- সফল জননী নারী।
- * ক্যাটাগরী ০৪- নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যোগে জীবন শুরু করেছেন যে নারী।
- * ক্যাটাগরী ০৫- সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।

অদম্য নারী নির্বাচনের শর্তাবলী :

০১. নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে যা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা
যাবে
০২. আবেদনকারী অবশ্যই ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদন পত্রের সাথে জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব
সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।
০৩. জীবনযুদ্ধ এবং পরবর্তীতে সফলতার বিষয়টি বিস্তারিত বর্ণনা সহকারে আলাদা কাগজে সংযুক্ত করতে হবে।
০৪. আবেদনকারীর ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

বিষয়টি অতিব জরুরী


(আফরোজা বেগম)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বরুড়া, কুমিল্লা।

প্রাপক,

চেয়ারম্যান,

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হ'ল।

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা।
- ০২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা।
- ০৩। অফিস কপি।